

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক শাখা

প্রজ্ঞাপন

ঢাকা, ২০ আগস্ট ২০১৪/০৫ ভাদ্র ১৪২১

নম্বর- ০৪.০০.০০০০.৬১১.০০৬.০১৯.১৪.১৩০ - গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রকল্প শেষ হওয়ার পূর্বে অথবা প্রকল্পে তিন বছর কর্মকাল শেষ হবার পূর্বে প্রকল্প পরিচালক/প্রকল্পের গুরুত্বপূর্ণ কর্মকর্তাগণের বদলির বিষয় বিবেচনা করার নিমিত্ত কমিটি নিম্নরূপভাবে গঠন করেছে :

(ক) কমিটির গঠন :

- | | |
|---|----------|
| ১. মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় | - সভাপতি |
| ২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় | - সদস্য |
| ৩. সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ | - সদস্য |
| ৪. সচিব, পরিকল্পনা বিভাগ | - সদস্য |
| ৫. সচিব, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ | - সদস্য |

(খ) কমিটির কার্যপরিধি :

পদোন্নতি/উচ্চতর পদায়ন এবং শাস্তিমূলক ব্যবস্থা/বিভাগীয় ব্যবস্থা গ্রহণের বিষয় ব্যতীত ৩ (তিন) বছর মেয়াদ সমাপ্তির পূর্বে সরকারের বিভিন্ন মন্ত্রণালয় কর্তৃক গৃহীত প্রকল্পে নিয়োজিত প্রকল্প পরিচালক/প্রকল্পের গুরুত্বপূর্ণ কর্মকর্তাগণকে বদলি সংক্রান্ত প্রস্তাব বিবেচনা করে সুপারিশ প্রদান।

- (গ) প্রকল্প সমাপ্তির কারণে বদলির ক্ষেত্রে কমিটির নিকট উপস্থাপনের প্রয়োজন হবে না।
- (ঘ) মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশক্রমে জারিকৃত বদলি/নিয়োগ আদেশসমূহ কমিটির সুপারিশের আওতা বহির্ভূত থাকবে এবং তা সরাসরি কার্যকর হবে।
- (ঙ) বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে



(মোঃ মোস্তাফিজুর রহমান)
যুগ্মসচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোনঃ ৯৫১১০৩৬

উপপরিচালক

বাংলাদেশ সরকারি মুদ্রণালয়

তেজগাঁও, ঢাকা [বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায়

প্রজ্ঞাপনটি অতিরিক্ত গেজেট আকারে প্রকাশ করে ২০০ (দুইশত)


কপি জরুরি ভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ জানানো হল]

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০০৬.০১৯.১৪-১৩০

তারিখ ০৫ ভাদ্র ১৪২১
২০ আগস্ট ২০১৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। সিনিয়র সচিব/সচিব/সদস্য.....(সকল) মন্ত্রণালয়/
বিভাগ/ পরিকল্পনা কমিশন।
- ৩। মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা । মাননীয় প্রধানমন্ত্রীর সদয়
অবগতির জন্য।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয় । মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য।
- ৫। উপসচিব, আইসিটি, মন্ত্রিপরিষদ বিভাগ। (প্রজ্ঞাপনটি মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য)
- ৬। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।


২০/০৮/১৪
(মোঃ জয়নাল আবেদীন)
সহকারী সচিব
ফোন: ৯৫১১০৮১।